গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,
ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

**নম্বর:** ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.৩৯

তারিখ: ২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়:** ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

ডাটাবেজ প্রস্তুতের তারিখঃ ১৫ অক্টোবর, ২০২৩

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১ | LIMA Online Licensing full automation | শ্রম আইন ও বিধি অনুযায়ী কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্সকরণ প্রক্রিয়াটি একটি জটিল প্রক্রিয়া। এই প্রক্রিয়াটি সহজতর এবং সম্পূর্ণ অনলাইন করার জন্য LIMA Online Licensing full automation নামক উদ্যোগটি নেওয়া হয়। এটি বাস্তবায়নের ফলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদনের আবেদন, কারখানার/প্রতিষ্ঠানের লাইসেন্স অনুমোদনের আবেদন, সংশ্লিষ্ট ফী সমূহ অনলাইনে প্রদান, লাইসেন্স ভেরিফিকেশন ইত্যাদির কাজ করতে পারবেন। অন্যদিকে, অধিদপ্তরের কর্মচারীগণ সম্পূর্ণ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদন, লাইসেন্স অনুমোদন এবং এসবের সাথে সংশ্লিষ্ট সকল কাজ করতে পারবেন। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | https://lima.dife.gov.bd/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২ | LIMA OSH module upgradation | শ্রম আইন ও বিধি অনুযায়ী বাংলাদেশে অবস্থিত সরকারি মালিকানাধীন ব্যতীত সকল কারখানা/প্রতিষ্ঠান-কে নিয়মিতভাবে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কিছু প্রতিবেদন এবং কোন দুর্ঘটনা ঘটলে তার নোটিশ এবং প্রতিবেদন ডাইফ-কে প্রেরণ করতে হয়। এইসব প্রতিবেদন ও নোটিশ প্রেরণের কাজটি সম্পূর্ণ অনলাইনে করা, সময়মত প্রতিবেদন প্রেরণ না করলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে নোটিফিকেশন পাঠানো, এবং প্রতিবেদন ও নোটিশ গুলো নিয়ে একটি ডেটাবেজ নির্মাণ করাই LIMA OSH module upgradation এর উদ্দ্যেশ্য। | কার্যকর আছে | কারখানা ব্যবহারকারীদের প্রশিক্ষণ চলমান। প্রচার প্রচারণা ব্যাপকভাবে করলে দ্রুত প্রত্যাশিত ফল পাওয়া যাবে। | https://lima.dife.gov.bd/ | |
| ০৩ | ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম | একটি ওয়েব-বেজড সফটওয়্যার যাতে প্রত্যেক কর্মচারীর প্রাপ্যতা (সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী) সফটওয়্যার ব্যবহারকারীর পদবী অনুযায়ী প্রি-ডিফাইন করা থাকবে। প্রত্যেক কর্মচারীর নিজ নামে উক্ত সফটওয়্যারে একাউন্ট থাকবে। উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি পণ্যের চাহিদা পত্র একটি অনলাইন ফরম পূরণ করে প্রেরণ করবেন। পণ্য সরবরাহকারী শাখার একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জন্য 'ইনভেন্টরি ম্যানেজার' হিসাবে একটি একাউন্ট থাকবে এবং উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি প্রাপ্ত সকল চাহিদাপত্র তালিকা আকারে দেখতে পাবেন। সেই তালিকায় পণ্যের চাহিদার পাশাপাশি পণ্যের বর্তমান স্টক প্রদর্শন করবে। তালিকা যাচাইপূর্বক চাহিদাপত্র অনুমোদনের ব্যবস্থা থাকবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | http://159.223.32.250/login | |
| ০৪ | ডাইফ OSH ই-টুল | একটি কারখানা তাদের নিজস্ব রিস্ক আসেসমেন্ট এর মাধ্যমে ঝুঁকি নিরূপণ করতে পারবে।<br>রিস্ক অ্যাসেসমেন্ট পরবর্তী কারখানার পেশাগত সেফটি বজায় রাখার জন্য কি কি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন সে বিষয়ে একটি সম্যক সহযোগিতা/গাইডলাইন এই ই-টুল প্রদান করবে। | কার্যকর আছে | প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী অগ্নি নিরাপত্তা, বৈদ্যুতিক নিরাপত্তা, ভবন নিরাপত্তা, রাসায়নিক নিরাপত্তা এবং বয়লার নিরাপত্তা নামক ৫টি মডিউল থাকলেও এখন পর্যন্ত শুধু অগ্নি নিরাপত্তা অংশটি চালু করা গেছে। প্রত্যাশিত ফলাফল পেতে সময় লাগবে। | https://dife.irtech.com.bd/ | |
| ০৫ | অনলাইন আউটসোর্সিং (ঠিকাদার) লাইসেন্স | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সিটিজেন চার্টারভুক্ত অন্যতম সেবা ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন। ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় এই সেবাটি ডিজিটাইজ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে সেবা প্রার্থিদের সময়, যাতায়াত ও খরচ উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পাবে। | কার্যকর আছে | প্রচার প্রচারণার অভাবে সেবাটির ব্যবহার কম হচ্ছে। | http://188.166.232.130 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬ | ডাইফ একসেবা মোবাইল এপ্লিকেশন | অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা DIFE Eksheba Mobile Application এর মাধ্যমে একটি একক প্লাটফর্মে নিয়ে আসা হয়েছে। নাগরিকদের সেবা সম্পর্কিত এবং আইন ও বিধি বিষয়ক তথ্য, লাইসেন্স গ্রহণ এবং নবায়ন, বিভিন্ন প্রতিবেদন প্রেরণ, শ্রমিকদের অভিযোগ প্রদান আরও সহজ হয়েছে। | কার্যকর নাই | Google Developer Program Policies এর সাথে কমপ্লায়েন্স না থাকার কারণে google playstore এ সেবাটি বর্তমানে পাওয়া যাচ্ছে না। | https://play.google.com/store/apps/details?id=com.singularitybd.dife&hl=bn&gl=US | |
| ০৭ | ডাইফ ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেম | প্রস্তাবিত সিস্টেমে জেলা কার্যালয়ের উপমহাপরিদর্শকগণ তাদের স্ব স্ব কার্যালয় হতে রিপোর্টিং সিস্টেমে প্রবেশ করে প্রধান কার্যালয় হতে চাহিদার ভিত্তিতে নির্ধারিত টেমপ্লেটে/কলাম এ রিপোর্টিং এর কাজ সম্পন্ন করতে পারবেন। একইসাথে অধিদপ্তরের প্রধান কার্যালয় অথবা মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী রিপোর্টিং কলাম পরিবর্তনের প্রয়োজন হলে সেক্ষেত্রে ডাইনামিক টেমপ্লেট এর মাধ্যমে রিপোর্টিং কলাম সাজিয়ে পুনরায় সার্ভার এ দেয়া সম্ভব হবে। সিস্টেমে সংরক্ষিত ডাটা ডাউনলোড করা যাবে। প্রতিবেদন একীভূত করাও অনেক সহজ হয়ে পড়বে। সেই সাথে এই সিস্টেমে তুলনামূলক পর্যালোচনা করাও সম্ভব হবে। জেলা কার্যালয় থেকে প্রধান কার্যালয়ে রিপোর্ট প্রদানের পূর্বে অথোরাইজেশন এর ব্যবস্থা থাকবে। | কার্যকর নাই | রিপোর্টিং এর জন্য অধিদপ্তরের LIMA সফটওয়্যার ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও সকল শাখার রিপোর্টিং টেমপ্লেট মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে। এ কারণে ডাইফ ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেম বর্তমানে ব্যবহার করা হচ্ছে না। | http://157.230.44.123/login | |




১৮-১০-২০২৩
মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)
+৮৮-০২-২২৬৬৬৪২০৪ (ফোন)
- (ফ্যাক্স)
addig@dife.gov.bd


**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
২। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৩। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
৫। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সাধারণ অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৭। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
৮। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।